



সংবাদ বিজ্ঞপ্তি
নোবিপ্রবিতে শহীদ মিনার ও জাতির পিতার
প্রতিকৃতিতে নবনিযুক্ত উপাচার্যের পুষ্পস্তবক অর্পণ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম দ্বিতীয় মেয়াদে যোগদান উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনার ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেছেন। সোমবার (১৪ আগস্ট ২০২৩) সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সঙ্গে নিয়ে উপাচার্য শহীদ মিনার ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন।

শ্রদ্ধা নিবেদনকালে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর। এ সময় আরও উপস্থিত ছিলেন নোবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. বিপ্লব মল্লিক, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এস. এম. মাহবুবুর রহমান, নোবিপ্রবি অফিসার্স এসোসিয়েশনের সভাপতি জনাব সাখাওয়াত হোসেন ও সাধারণ সম্পাদক জনাব মেজবাহ উদ্দিনসহ শিক্ষক সমিতি ও অফিসার্স এসোসিয়েশনের অন্যান্য নেতৃবৃন্দ, বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ, ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ, হল প্রভোস্টবৃন্দ, বিভাগের চেয়ারম্যানবৃন্দ, প্রক্টর, দপ্তর প্রধানবৃন্দ ও শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

শ্রদ্ধা নিবেদন শেষে সংক্ষিপ্ত বক্তব্যে নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, নোবিপ্রবির উপাচার্য পদে আমাকে দ্বিতীয়বারের মতো নিয়োগ প্রদান করায় মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা। বৈজ্ঞানিক গবেষণা ও গুণগত উচ্চশিক্ষায় নোবিপ্রবি একটি সম্ভাবনাময় বিদ্যাপীঠ। এ সম্ভাবনাকে কাজে লাগিয়ে আমরা নোবিপ্রবিতে বৈশ্বিক মানদণ্ডের উচ্চশিক্ষা নিশ্চিত করতে চাই। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী-শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীসহ সংশ্লিষ্ট সকল অংশীজনদের সহযোগিতা পাবেন বলে আশাবাদ ব্যক্ত করেন মাননীয় উপাচার্য। এ সময় তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্টের সকল শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

উল্লেখ্য, গতকাল রবিবার (১৩ আগস্ট ২০২৩) মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলমকে নোবিপ্রবির উপাচার্য হিসেবে দ্বিতীয় মেয়াদে নিয়োগ দিয়ে প্রজ্ঞাপন জারি করে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ। প্রজ্ঞাপনের পর ওইদিন অপরাহ্নে বিশ্ববিদ্যালয়ে যোগদান করেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।